তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ৪৩/২০১৬

অভিযোগকারী ঃ জনাব দেলোয়ার বিন সিরাজ
পিতা:-মৃত হাজী সিরাজ উদ্দিন
ঠিকানা-৩৯/১ বঙ্গবন্ধু এভিনিউ ৪র্থ তলা
ঢাকা-১০০০।

প্রতিপক্ষ ঃ জনাব মোঃ আমিরুল হাসান
উপ মহাব্যবস্থাপক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়
এম আইএস বিভাগ
১১০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ।

সিদ্ধান্তপত্র

(তারিখ ঃ ০৮-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ০৮-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ আমিরুল হাসান, উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, এম আইএস বিভাগ, ১১০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

সংযুক্ত তালিকা অনুযায়ী জনতা ব্যাংকের দায়বদ্ধতার ”পাঁচ বছর” গ্রন্থের নিম্ন লিখিত পৃষ্ঠা ও ক্রমিক নম্বরে উল্লেখিত অনুদানপ্রপাপ্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানের অনুকূলে বিতরনকৃত টাকার (ক) চেক/পে-অর্ডার নম্বর,তারিখ ও টাকার পরিমান, (খ) উহার মদ্যে কতটি নগদায়ন করা হয়েছে এবং কতটি ক্রস্‌ড চেকের মাধ্যমে প্রদান করা হয়েছে উহার নম্বর এবং (গ) উহা কোন ব্যাংকের কোন শাখার মাধ্যমে পরিশোধ করা হয়েছে উহার নাম ঠিকানাসহ লিখিত বিবরনী।

জনতা ব্যাংকের সামাজিক দায়বদ্ধতার “পাঁচ বছর” গ্রন্থের-

পৃষ্ঠা নং	ক্রমিক নং		পৃষ্ঠা নং	ক্রমিক নং		পৃষ্ঠা নং	ক্রমিক নং
৭৬	প্রতিষ্ঠান=১-৭ ব্যক্তি=১,৩,৪		১১১	৪৩১,৩৩৭		২৮০	৫৭৯-৫৯৭
৯৭	২১২,২১৩, ২১৪,২১৫, ২১৬,২১৮		৪৭৮	৪৬৬		৩০৯	১০৬৫-১০৭৯
৫২২	১২৫৩		৪২১	২৯০৩		৪১১	২৭৭০-২৭৮৫
....	....		....	....		....	....
....	....		....	....		....	....
৭৭	ব্যক্তি-১		২৫২	১১৪-১৩০		১৫১	৪৫২

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৩-০১-২০১৬ তারিখে জনাব হাসান ইকবাল,উপ ব্যবস্থাপনা পরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ১১০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১১-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৮-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী সময়ের আবেদন করে গরহাজির। অভিযোগকারীর সময়ের আবেদন মঞ্জুর করে পরবর্তী ২০-০৪-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৫। শুনানীর ধার্য তারিখে উভয়পক্ষ হাজির। শুনানীতে জনতা ব্যাংক প্রধান কার্যালয়ের উপ মহাব্যবস্থাপক, বিডিএমডি এবং মহাব্যবস্থাপক, জনতা ভবন কর্পোরেট শাখা এর প্রয়োজনীয়তা থাকায় অধিকতর শুনানীর জন্য ০৮-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও সংশ্লিষ্টদের প্রতি সমন জারী করা হয়।

৬। ০৮-০৫-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী জনাব দেলোয়ার বিন সিরাজ ও জনাব মোঃ আমিরুল হাসান, উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, এম আইএস বিভাগ এবং জনাব মোঃ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক , জনতা ভবন কর্পোরেট শাখা, জনতা ব্যাংক লিঃ এবং জনাব মোঃ মিজানুর রহমান, উপ মহাব্যবস্থাপক, বিডিএমডি, জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয় (২০ তলা) এর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট মোঃ শহিদুল ইসলাম হাজির।

৭। অভিযোগকারী জনাব দেলোয়ার বিন সিরাজ তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার প্রার্থীত তথ্য যথাসময়ে সরবরাহ না করে কালক্ষেপণ করছেন । এজন্য তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার শাস্তি দাবী করেন ।

৮। প্রতিপক্ষ জনাব মোঃ আমিরুল হাসান, উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, এম আইএস বিভাগ, তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য সরবরাহ করার জন্য জনতা ব্যাংকের বিডিএমডি শাখায় গত ২৩/১২/২০১৫ তারিখের নোটের মাধ্যমে অনুরোধ করা হয় তবে অত্র ব্যাংকের বিডিএমডি শাখায় তথ্য সংরক্ষিত না থাকায় তথ্য সরবরাহ করেন নি । অপরদিকে, জনতা ব্যাংকের এমআইএস বিভাগ থেকে গত ১৯/০১/২০১৬ তারিখে পত্রের মাধ্যমে অভিযোগকারীরর চাহিত তথ্য চেয়ে আবেদন করার পরিপ্রেক্ষিতে জানানো হয় যে, চাহিদাকৃত তথ্য প্রদানে আরও ১ (এক) মাস সময় লাগবে । উক্ত সময় অতিক্রান্ত হওয়ার পর বারবার অনুরোধ করার পরও অদ্যাবধি তথ্য প্রদান করেন নি বা জবাব প্রদান করেন নি।

৯। প্রতিপক্ষের সংশ্লিষ্ট তৃতীয় পক্ষ জনাব মোঃ মিজানুর রহমান, উপ মহাব্যবস্থাপক, বিডিএমডি, জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয় (২০ তলা) এর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট মোঃ শহিদুল ইসলাম, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্য অত্র ডিপার্টমেন্ট সংশ্লিষ্ট নয় বিধায় বিডিএমডি বিভাগ থেকে তথ্য সরবরাহ করা সম্ভব নয় ।

১০। প্রতিপক্ষের সংশ্লিষ্ট তৃতীয় পক্ষ জনাব মোঃ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক ,জনতা ভবন কর্পোরেট শাখা, জনতা ব্যাংক লিঃ, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্য জনতা ভবন কর্পোরেট শাখা হতে সরবরাহ করা সম্ভব। এজন্য তিনি কমিশনের নিকট চার থেকে পাঁচ মাসের সময় প্রার্থনা করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন ।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়। তথ্য কমিশনের জিজ্ঞাসার জবাবে আরো জানা যায় যে, জনতা ব্যাংক থেকে সিএসআর এর আওতায় অনুদান প্রদান প্রক্রিয়ায় ব্যাংকের বিডিএমজি শাখার সংশ্লিষ্টতা রয়েছে ।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ২০ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্নাঙ্গ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ আমিরুল হাসান, উপ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনতা ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, এম আইএস বিভাগ ১১০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো। উল্লেখ্য, জনাব মোঃ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক ,জনতা ভবন কর্পোরেট শাখা এবং জনাব মোঃ মিজানুর রহমান, উপ মহাব্যবস্থাপক, বিডিএমডি, জনতা ব্যাংক তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০(৫) উপধারা অনুযায়ী সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে যাচিত তথ্যাদি সরবরাহ করে সহযোগিতা করবেন। অন্যথায় উক্ত আইনের ১০(৬) উপধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে ।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	স্বাক্ষরিত	স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[বে.স]